

# ■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৮৭

৬৬/ আল-কুরআনের ফাযীলাতসমূহ (کتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ৬৬/৩. কুরআন সংকলনের অধ্যায়

بَاب: جَمْع الْقُرْآنِ.

### আরবী

مُوْسَى حَدَّثَنَا إِبْرَاهِيْمُ حَدَّثَنَا ابْنُ شِهَابِ أَنَّ أَنسَ بْنَ مَالِك حَدَّثَهُ أَنَّ حُذَيْفَة بْنَ الْيَمَانِ قَدِمَ عَلَى عُثْمَانَ وَكَانَ يُغَاذِيْ أَهْلَ الشَّأَمِ فِيْ فَتْحِ إِرْمِيْنِيَةً وَأَذْرَبِيْجَانَ مَعَ أَهْلِ الْعِرَاقِ قَدَمَ عَلَى عُثْمَانَ وَكَانَ يُغَاذِيْ أَهْلَ الشَّأَمِ فِي فَتْحِ إِرْمِيْنِيَةً وَأَدْرَبِيْجَانَ مَعَ أَهْلِ الْعِرَاقِ فَاقَالَ حُذَيْفَةُ لِعُثْمَانَ يَا أَمِيْرَ الْمُوْمِنِيْنَ أَدْرِكْ هَذِهِ فَأَقْوْا فِي الْقِرَاءَةِ فَقَالَ حُذَيْفَةُ لِعُثْمَانَ يَا أَمِيْرَ الْمُوَّمِنِيْنَ أَدْرِكْ هَذِهِ الْأُمَّة قَبْلَ أَنْ يَخْتَلِفُوا فِي الْكِتَابِ اخْتِلَافَ الْيَهُودِ وَالنَّصَارَى فَأَرْسَلَ عُثْمَانُ إِلَى حَفْصَةً أَنْ أَرْسِلِيْ إِلَيْنَا بِالصَّحُوفُ نَنْسَخُهَا فِي الْمَصَاحِفِ ثُمَّ نَرُدُها إِلَيْكِ فَأَرْسَلَتْ بِهَا حَفْصَةُ إِلَى عُثْمَانَ فَأَمْرَ زَيْدَ بْنَ ثَابِتٍ وَعَبْدَ اللهِ بْنَ الزُّبَيْرِ وَسَعِيْدَ بْنَ الْعَاصِ وَعَبْدَ اللهِ مِنَ الزَّبُيْرِ وَسَعِيْدَ بْنَ الْعَاصِ وَعَبْدَ اللهِ بْنَ الزَّبُيْرِ وَسَعِيْدَ بْنَ الْعَاصِ وَعَبْدَ الرَّحْمَنِ بْنَ الْكَاتِ إِلَى عُثْمَانُ الْتَكْوَةِ إِنَا الْمَعْمَاتُ وَى الْمُصَاحِفِ وَقَالَ عُثْمَانُ لِلرَّهُطِ الْقُرَشِيِيْنَ الثَلَاثَةِ إِذَا الْمَيْدُونُ الْرَبِيْدِ فَقَعَلُوا حَتَّى إِذَا نَسَخُوا الصَّحُوفَ فِي الْمَصَاحِفِ وَقَالَ عُثْمَانُ السَانِهِمْ فَفَعَلُوا حَتَّى إِذَا نَسَخُوا الصَّحُوفَ فِي الْمَصَاحِف رَدَّ عُثْمَانُ الصَّوْمُ مَنَ الْقُرْآنِ فِيْ كُلِّ صَيْفَةً أَوْ مُصَحَيْفَةً أَوْ مُصَحَيْفَةً أَوْ مُصَحَيْفَةً أَقْ مُصَحَيْفَةً أَقْ مُصَمْحَفٍ أَنْ يُمُرَقَ.

#### বাংলা

৪৯৮৭. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হুযাইফাহ ইবনুল ইয়ামান (রাঃ) একবার 'উসমান (রাঃ)-এর কাছে এলেন। এ সময় তিনি আরমিনিয়া ও আযারবাইজান বিজয়ের ব্যাপারে সিরীয় ও ইরাকী যোদ্ধাদের জন্য যুদ্ধ-প্রস্তুতির কাজে ব্যস্ত ছিলেন। কুরআন পাঠে তাঁদের মতবিরোধ হুযাইফাব্দে ভীষণ চিন্তিত করল। সুতরাং তিনি 'উসমান (রাঃ)-কে বললেন, হে আমীরুল মু'মিনীন! কিতাব সম্পর্কে ইয়াহূদী ও নাসারাদের মত মতপার্থক্যে লিপ্ত হবার পূর্বে এই উত্মতকে রক্ষা করুন। তারপর 'উসমান (রাঃ) হাফসাহ (রাঃ)-এর কাছে এক ব্যক্তিকে এ বলে পাঠালেন যে, আপনার কাছে সংরক্ষিত কুরআনের সহীফাসমূহ আমাদের কাছে পাঠিয়ে দিন, যাতে আমরা সেগুলোকে পরিপূর্ণ মাসহাফসমূহে লিপিবদ্ধ করতে পারি। এরপর আমরা তা আপনার কাছে ফিরিয়ে



দেব। হাফসাহ (রাঃ) তখন সেগুলো 'উসমান (রাঃ)-এর কাছে পাঠিয়ে দিলেন।

এরপর 'উসমান (রাঃ) যায়দ ইবনু সাবিত (রাঃ), 'আবদুল্লাহ ইবনু যুবায়র (রাঃ), সা'ঈদ ইবনু আস (রাঃ) এবং 'আবদুর রহমান ইবনু হারিস ইবনু হিশাম (রাঃ)-কে নির্দেশ দিলেন। তাঁরা মাসহাফে তা লিপিবদ্ধ করলেন। এ সময় 'উসমান (রাঃ) তিনজন কুরাইশী ব্যক্তিকে বললেন, কুরআনের কোন ব্যাপারে যদি যায়দ ইবনু সাবিতের সঙ্গে তোমাদের মতভেদ দেখা দেয়, তাহলে তোমরা তা কুরাইশদের ভাষায় লিপিবদ্ধ করবে। কারণ, কুরআন তাদের ভাষায় নাযিল হয়েছে। সুতরাং তাঁরা তাই করলেন। যখন মূল লিপিগুলো থেকে কয়েকটি পরিপূর্ণ গ্রন্থ লেখা হয়ে গেল, তখন 'উসমান (রাঃ) মূল লিপিগুলো হাফসাহ (রাঃ)-এর কাছে ফিরিয়ে দিলেন। তারপর তিনি কুরআনের লিখিত মাসহাফ-সমূহের এক একখানা মাসহাফ এক এক প্রদেশে পাঠিয়ে দিলেন এবং এছাড়া আলাদা আলাদা বা একত্রিত কুরআনের যে কপিসমূহ রয়েছে তা জ্বালিয়ে দেয়ার নির্দেশ দিলেন। [৩৫০৬] (আধুনিক প্রকাশনীঃ ৪৬১৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৬২২)

## **English**

#### Narrated Anas bin Malik:

Hudhaifa bin Al-Yaman came to `Uthman at the time when the people of Sham and the people of Iraq were Waging war to conquer Arminya and Adharbijan. Hudhaifa was afraid of their (the people of Sham and Iraq) differences in the recitation of the Qur'an, so he said to `Uthman, "O chief of the Believers! Save this nation before they differ about the Book (Qur'an) as Jews and the Christians did before." So `Uthman sent a message to Hafsa saying, "Send us the manuscripts of the Qur'an so that we may compile the Qur'anic materials in perfect copies and return the manuscripts to you." Hafsa sent it to `Uthman. `Uthman then ordered Zaid bin Thabit, `Abdullah bin AzZubair, Sa`id bin Al-As and `AbdurRahman bin Harith bin Hisham to rewrite the manuscripts in perfect copies. `Uthman said to the three Quraishi men, "In case you disagree with Zaid bin Thabit on any point in the Qur'an, then write it in the dialect of Quraish, the Qur'an was revealed in their tongue." They did so, and when they had written many copies, `Uthman returned the original manuscripts to Hafsa. `Uthman sent to every Muslim province one copy of what they had copied, and ordered that all the other Qur'anic materials, whether written in fragmentary manuscripts or whole copies, be burnt.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন